

আপনার অনুপস্থিতির ভোটার ব্যালট কিভাবে ফেরত দেবেন - আগস্ট ২ প্রাথমিক

সুতরাং আপনি আপনার অনুপস্থিতির ব্যালটে ভোট দেওয়া শেষ করেছেন, এটি ফেরত খামে সিল করেছেন এবং খামের বাইরে স্বাক্ষর করেছেন। এই শেষ ধাপটি গুরুত্বপূর্ণ। আপনাকে অবশ্যই খামের বাইরে স্বাক্ষর করতে হবে।

এটি করার পর, আপনার ক্লার্কের কাছে এটি ফেরত দেওয়ার জন্য আপনার হাতে কয়েকটি বিকল্প রয়েছে।

যদি এটি **১৮ই জুলাই**-এর আগে হয়, তাহলে আপনি এটি মেইল করতে পারেন। ডাক বিলম্বের আশংকায় আমরা এর পর আপনাকে এটি মেইল না করার পরামর্শ দেই।

আপনার অন্যান্য বিকল্প হলো আপনার ব্যালটটি ক্লার্কের অফিসে নিয়ে যাওয়া, বা তাদের ব্যালট ড্রপ বক্সের একটিতে রাখা। এগুলো কোনো ভবনে সংযুক্ত বা উন্মুক্তভাবে থাকতে পারে। কিছু ড্রাইভ-আপ এবং ড্রপ অফের জন্য উপলভ্য।

আপনি আপনার ক্লার্কের অফিসের ঠিকানা এবং ড্রপ বক্স **Michigan.gov/Vote** ঠিকানায় খুঁজে পেতে পারেন। মনে রাখবেন, আপনি আপনার ব্যালটটি অন্য শহর বা টাউনশিপের ড্রপ বক্সে দিতে পারবেন না। **Michigan.gov/Vote** ঠিকানায় গিয়ে বা আপনার ক্লার্ককে কল করে আপনি সঠিক ড্রপ বক্সে যাচ্ছেন কিনা তা নিশ্চিত করুন।

আপনার ব্যালটটি ফেরত দেওয়ার জন্য আপনি যে পদ্ধতিই ব্যবহার করেন না কেন, এটি **Michigan.gov/Vote** ঠিকানায় আপনার ক্লার্ক কর্তৃক গৃহীত হলে আপনি ট্র্যাক করতে পারবেন।

আর আপনি যত তাড়াতাড়ি আপনার ব্যালট ফেরত দিতে পারবেন, ততই এটি এই নির্বাচনকে সবার জন্য মসৃণভাবে চলতে সাহায্য করবে।